

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৮৬

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ যেই হজ্জে স্ত্রী সংগম ও পাপাচার করা হয় না, মহান আল্লাহ সেই হজের বিনিময়ে বান্দার পূর্বের সমস্ত গোনাহ ক্ষমা করে দেন মর্মে বর্ণনা

ذِكْرُ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا مَا تَقَدَّمَ مِنْ ذُنُوبِ الْعَبْدِ بِالْحَجِّ الَّذِي لَا رَفَتَ فِيهِ وَلَا فُسُوقَ

আরবী

3686 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ مِسْعَرٍ وَسُفْيَانَ عَنْ مَنْصنُورٍ عَنْ أَبِي حَازِمٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (مَنْ حجَّ فَلَمْ يَرْفُتْ ولم يفسق رجع كما ولدته أمه)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 13674 خلاصة حكم المحدث: صحيح _ ((حجة النبي صلى الله عليه وسلم)): ق.

বাংলা

৩৬৮৬. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি হজ্জ করে, এবং তাতে সে স্ত্রী সংগম না করে ও পাপাচারে লিপ্ত না হয়, তবে সে (নিষ্পাপ হয়ে) ফিরে আসে, যেমন তার মা তাকে জন্ম দিয়েছিল (অর্থাৎ সে সদ্য ভুমিষ্ট শিশুর ন্যায় নিষ্পাপ হয়ে ফিরে আসে)।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৩৫০; ইবনু মাজাহ: ২৮৮৯; মুসনাদ আহমাদ: ২/৪৮৪; সুনান বাইহাকী: ৫/২৬১; মুসনাদ আলী বিন জা'দ: ৯২৬; হুমাইদী: ১০০৪; সহীহুল বুখারী: ১৮২০; তিরমিযী: ৮১১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৮৮০০; দারেমী: ২/৩১; আত তায়ালিসী: ২৫১৯; সহীহ মুসলিম: ১৩৫০; নাসাঈ: ৫/১১৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২৫১৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৮৪১।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (হাজ্জাতুন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন